

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
বাজেট শাখা-০৪
ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮
www.lrb.gov.bd

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৮২.২০.১৮৭

বিষয়: সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির ০৩ (তিন)টি টায়ার পরিবর্তনের জন্য বরাদ্দ ছাড়ের প্রশাসনিক অনুমোদন গ্রহণ।

সূত্র: ১। জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ স্মারক নং- ৩১.১২.৪৮০০.০০৭.২২.০০৪.২১-৯২১ তারিখ: ২৮-০৪-২০২৫ খ্রি।
২। উপজেলা ভূমি অফিস, হোসেনপুর, কিশোরগঞ্জ স্মারক নং-৩১.১২.৪৮২৭.০০২.০৪.২১.২০-১৪৬, তারিখ: ৩০-০৩-২০২৫ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ (গাড়ি নং-কিশোরগঞ্জ-৮-১১-০০৩৩) গাড়ির ০৩ (তিন)টি টায়ার পরিবর্তনের নিমিত্ত ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

উল্লেখ্য, চলতি ২০২৪-২৫ অর্থবছরে গাড়িটির বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ “৩২৫৮১০১- মোটরযান” উপখাত হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। গাড়িটি ২৯-০৮-২০১৭ তারিখে ভূমি মন্ত্রণালয় হতে সরবরাহ করা হয়েছে। আইবাস রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, গাড়িটি সরবরাহের পর ২০২০-২১ অর্থবছরে ১,০৫,০০০/- (এক লক্ষ পঁচ হাজার) টাকা, ২০২১-২২ অর্থবছরে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা এবং অবশিষ্ট অর্থবছরে বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ বরাদ্দ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ এর অনুকূলে সরবরাহকৃত ডাবল কেবিন পিকআপ গাড়ির ০৩(তিন) টি টায়ার পরিবর্তন ব্যয় বাবদ চাহিত ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা এবং চলতি অর্থবছরে বাৎসরিক রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ বরাদ্দকৃত ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা, সর্বমোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ ও ব্যয়ের প্রশাসনিক অনুমোদন প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ জেলা প্রশাসকের কার্যালয় হতে প্রাপ্ত পত্র- ০৮(আট) ফর্দ।
গাড়ি হস্তান্তর সংক্রান্ত পত্র- ০২ (দুই) ফর্দ।

সকল সংযুক্তিসমূহ:

- (১) সংযুক্তিঃ জেলা প্রশাসকের কার্যালয় কিশোরগঞ্জ হতে প্রাপ্ত পত্র- ০৮(আট) ফর্দ।
- (২) ভূমি মন্ত্রণালয় কর্তৃক গাড়ি হস্তান্তর সংক্রান্ত পত্র- ০২ (দুই) ফর্দ।

২৯-০৫-২০২৫
সাবরিনা সুলতানা
সহকারী ভূমি সংস্কার কমিশনার
০২৪১০১০৪৫৫
alrc4@lrb.gov.bd

সিনিয়র সচিব
ভূমি মন্ত্রণালয়।

দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

সিনিয়র সহকারী সচিব, মাঠ প্রশাসন-২, ভূমি মন্ত্রণালয়।

স্মারক নম্বর: ৩১.০২.০০০০.০০০.০১৪.২৬.০০৮২.২০.১৮৭/১ (৬)

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ মে ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ২। উপ-ভূমি সংস্কার কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ৩। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, হোসেনপুর, কিশোরগঞ্জ।
- ৫। সহকারী কমিশনার (ভূমি), হোসেনপুর, কিশোরগঞ্জ।
- ৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, ভূমি সংস্কার বোর্ড।



২৯-০৫-২০২৫

সাবরিনা সুলতানা

সহকারী ভূমি সংস্কার কমিশনার